

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১৭ ডিসেম্বর, ২০১৭ ১৩:২৬

ঢাকা উত্তর সিটিতে মেয়র পদে উপ-নির্বাচন

## জানুয়ারির মাঝামাঝিতে তফসিল, ফেব্রুয়ারির শেষে ভোট

একই দিন ভোট হবে দুই সিটির বর্ধিত ৩৬ ওয়ার্ডেও

নিজস্ব প্রতিবেদক



মেয়র আনিসুল হকের মৃত্যুতে শূন্য হওয়া ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে উপ-নির্বাচনের তফসিল আগামী বছরের জানুয়ারির মাঝামাঝিতে ঘোষণা করা হবে। এরপর ফেব্রুয়ারির শেষ দিকে নির্বাচন গ্রহণের পরিকল্পনা রয়েছে নির্বাচন কমিশনের।

রবিবার নির্বাচন কমিশন কার্যালয়ে এক প্রেস ব্রিফিংয়ে কমিশনের সচিব হেলালুদ্দীন আহমদ এ তথ্য জানান।

সীমান্ত জটিলতা নিয়ে কোনো সমস্যা দেখছেন না উল্লেখ করে নির্বাচন কমিশন সচিব আরও জানান, ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে উপ-নির্বাচনের পাশাপাশি দুই সিটির বর্ধিত ৩৬ ওয়ার্ডের নির্বাচনও একই সঙ্গে গ্রহণ করা হবে।

প্রসঙ্গত, গত ৩০ নভেম্বর ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক মৃত্যুবরণ করেন। পরদিন থেকে পদটি শূন্য ঘোষণা করে গেজেট প্রকাশ করে স্থানীয় সরকার মন্ত্রণালয়। সেই সঙ্গে ৪ ডিসেম্বর মেয়রের শূন্য পদে নির্বাচন অনুষ্ঠানে ব্যবস্থা নিতে স্থানীয় সরকার বিভাগের উপসচিব মো. মাহমুদুল আলম স্বাক্ষরিত মন্ত্রণালয়ের অনুরোধপত্র ইসি সচিবের কাছে পাঠানো হয়। ৯০ দিনের মধ্যে (২৮ ফেব্রুয়ারির মধ্যে) নির্বাচন করার আইনি বাধ্যবাধকতার কথাও চিঠিতে উল্লেখ করা হয়।

বিডি-প্রতিদিন/১৭ ডিসেম্বর, ২০১৭/মাহবুব

---